

আমলা দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা হতে পারে না

যাযায়দিন রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব ড. এম ওহিদুজ্জামান বলেছেন, জ্ঞান অর্জনের অন্যতম জায়গা হচ্ছে শিক্ষাপ্রতিষ্ঠান। আর শিক্ষাপ্রতিষ্ঠানের নীতি নির্ধারক হবে যোগ্যতা সম্পন্ন উচ্চ শিক্ষিত ব্যক্তির। আমলাদের দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা হতে পারে না।

৩৬তম ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বিগ্ন শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশের শিক্ষকদের আর্ব-সামাজিক অবস্থা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ড. এম ওহিদুজ্জামান বলেন, স্বাধীনতার পরে শিক্ষকদের কোনো মনোউন্নয়ন হয়নি। শিক্ষকরা প্রতারণা এবং অন্যায় অত্যাচারের শিকার হয়েছে। শিক্ষকদের শাসন করা আইনের শাসন প্রতিষ্ঠা নয়। কিন্তু বিগত সরকারগুলো প্রতিবারই রাজনৈতিক স্বার্থে শিক্ষকদের সঙ্গে প্রতারণা করেছে। শিক্ষকদের জন্য আলাদা পে-কমিশন করে উচ্চতর স্বতন্ত্র বেতন কাঠামোর দাবি জানিয়ে তিনি বলেন, আলাদা বেতন কাঠামো জন্য আমরা বলিনি। প্রধানমন্ত্রী নিজেই তার নির্বাচনী ইশতেহারে এ প্রস্তাব উল্লেখ করেছেন। এটা জনগণের কাছে সরকারের ওয়াদা। এমপিওর দাবিতে আন্দোলনেরত শিক্ষকদের ওপর পুলিশের লাঠিপেটার উত্তর নিন্দা জানিয়ে তিনি বলেন, শিক্ষকরা সবদময় সে শিক্ষক। এ শিক্ষকদের হাতেই ভেঙে হয়েছে স্বাক্ষরো ডিসি। অর্চ এ ডিসিরা কোনো মজানকে লাঠিপেটা করতে পারে না। তার ওপর কোনো আইন প্রয়োগ করতে পারে না। কিন্তু সাধারণ শিক্ষকদের গায়ে হাত দিতে পারে। তাদের ওপর নির্ধারিত এটা জাতির জন্য লক্ষ্যজনক বিষয়।